বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.ugc.gov.bd

স্মারক নং- ইউজিসি/পাব:বিশ্ব:/বিবিধ/৫২৯(অংশ-১)/২০১৬/২৬৭৩

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ / ০২ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: করোনা মহামারীর (কোভিড-১৯) এ সংকটকালে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে Online শিক্ষাকার্যক্রম পরিচালনার লক্ষ্যে ২৫ জুন ২০২০, বিকেল ৩:৩০ ঘটিকায় অনুষ্ঠিত ভার্চুয়াল সভার ভিত্তিতে মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট পত্র প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩০ জুন ২০২০, বুধবার কমিশন থেকে মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

কর্তৃপক্ষের আদেশক্রমে

মো. কামাল হোসেন
পরিচালক
পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ
ই-মেইল: director_publicuniv@ugc.gov.bd

বিতরণ: মাননীয় উপাচার্য (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)-

ঢাকা/রাজশাহী/ বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/ চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল /শেরে বাংলা কৃষি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/ সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্স/বেগম রোকেয়া/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল /রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি/ইসলামি আরবি/চট্টগ্রাম মেডিকেল/ রাজশাহী মেডিকেল/রবীন্দ্র/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/শেখ হাসিনা/ খুলনা কৃষি/ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/ সিলেট মেডিকেল/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইউজিসি/পাব:বিশ্ব:/বিবিধ/৫২৯(অংশ-১)/২০১৬/২৬৭৩

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ / ০২ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
২। সহকারী সচিব, সদস্য (প্রফেসর ড. দিল আফরোজা বেগম) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
৩। সহকারী সচিব, সদস্য (প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
৪। সহকারী সচিব, সদস্য (প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
৫-১২। সকল কর্মকর্তা, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা;
১৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
১৪-১৫। নথি/মহানথি।

পরিচালক
পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৫৮১৬০১০০, ফ্যাক্স: +৮৮-০২৫৮১৬০২০২
ই-মেইল : chairman@ugc.gov.bd, chairmanugc@yahoo.com
ওয়েব : www.ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্রফেসর কাজী শহীদুল্লাহ
চেয়ারম্যান

স্মারক নং: ইউজিসি/পাব:বিশ্ব:/৫২৬(অংশ-২)/২০১৮/২৫৫৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৭ / ৩০ জুন ২০২০

মাননীয় শিক্ষামন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উদ্ভূত পরিস্থিতিতে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শিক্ষার্থীদের উচ্চগতিসম্পন্ন ইন্টারনেট সুবিধাসহ বিনামূল্যে ডাটা সরবরাহ এবং Softloan/Grants-এর আওতায় Smartphone-এর সুবিধা প্রদান প্রসঙ্গে।

মহোদয়

করোনা মহামারীর দুঃসহ বাস্তবতায় বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় সঙ্গত কারণেই আমাদের দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে। যার ফলে বিশ্ববিদ্যালয়সমূহ সেশনজটের সম্মুখীন হচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে কীভাবে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে Online শিক্ষা কার্যক্রম শুরু করা যায়, সে লক্ষ্যে ২৫ জুন ২০২০ তারিখে বিকেল ৩:৩০ টায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সঙ্গে Zoom Cloud-এ উপাচার্য মহোদয়গণের এক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় উপাচার্য মহোদয়গণ Online শিক্ষা কার্যক্রমের সুবিধা-অসুবিধা সম্পর্কে বিশদ আলোচনা করেন। Online শিক্ষা কার্যক্রম পরিচালনার প্রশ্নে তাঁরা একমত পোষণ করে বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী আর্থিকভাবে অসচ্ছল এবং তারা দেশের প্রত্যন্ত অঞ্চলে বসবাস করেন। প্রত্যন্ত এলাকার অনেকাংশে উচ্চগতিসম্পন্ন ইন্টারনেটের সুবিধা পাওয়া যায় না এবং আর্থিক অসচ্ছলতার কারণে প্রায় ১৫% শিক্ষার্থীর Smartphone নেই। সুবিধাবঞ্চিত এ সকল শিক্ষার্থীকে Softloan/Grants-এর আওতায় এনে Smartphone সরবরাহ এবং সকল শিক্ষার্থীকে বিনামূল্যে ইন্টারনেট প্যাকেজ ও উচ্চগতি সম্পন্ন ইন্টারনেটের সুবিধা প্রদান অথবা আর্থিক প্রণোদনা দেয়া হলে অধিকাংশ শিক্ষার্থীর উপস্থিতিতে Online শিক্ষা কার্যক্রম শুরু করা যাবে।

এমতাবস্থায়, সকল বিশ্ববিদ্যালয়ে Online শিক্ষা কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে শিক্ষার্থীগণকে বিষয়োল্লিখিত সুবিধা প্রদানের জন্য আপনাকে সবিনয় অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

প্রফেসর কাজী শহীদুল্লাহ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, ই-১৪/এক্স, বিসিসি ভবন, ঢাকা;
৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সদস্য মহোদয়ের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;
৬-৭। নথি/মহানথি।